

■■ দল, সংগঠন, ইমারত ও বায়'আত সম্পর্কে বিশিষ্ট উলামায়ে কেরামের বক্তব্য

বিভাগ/অধ্যায়ঃ (৫) আল্লামা মুহাম্মাদ ইবনে ছালেহ আল-উছায়মীন রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

প্রশ্ন: কুরআন ও হাদীছের কোথাও কি দল সৃষ্টির প্রমাণ মিলে?

উত্তর: কুরআন ও হাদীছে দল তৈরীর প্রমাণ মিলা তো দূরের কথা; বরং এতদুভয়ে দলাদলির কঠোর নিন্দা করা হয়েছে। মহান আল্লাহ বলেন,

﴿ إِنَّ ٱلَّذِينَ فَرَّقُواْ دِينَهُم ۚ وَكَانُواْ شِيَعًا لَسائِتَ مِناهُم اللَّهِ شَي اَءٍ ۚ إِنَّمَاۤ أَمارُهُم اللَّهِ ثُمَّ يُنَبِّئُهُم بِمَا كَانُواْ يَفْاعَلُونَ ١٥٩ ﴾ [الانعام: ١٥٩]

'নিশ্চয় যারা স্বীয় ধর্মকে খণ্ড-বিখণ্ড করেছে এবং অনেক দলে বিভক্ত হয়ে গেছে, তাদের সাথে আপনার কোন সম্পর্ক নেই। তাদের বিষয় আল্লাহ তা'আলার নিকট সমর্পিত। অতঃপর তিনি তাদেরকে তাদের আমলের হিসাব দিয়ে দিবেন' (আল-আন'আম ১৫৯)। তিনি অন্যত্র বলেন,

'প্রত্যেক দল নিজ নিজ মতবাদ নিয়ে আনন্দিত' (আল-মুমিনূন ৫৩)। নিঃসন্দেহে এসব দলাদলি আল্লাহ্র নির্দেশের পরিপন্থী। তিনি এরশাদ করেন,

'তারা সকলেই তোমাদের ধর্মের; এবং আমিই তোমাদের পালনকর্তা। অতএব, আমারই ইবাদত কর' (আল-আম্বিয়া ৯২)।

এসব দলাদলির ফলাফলও কল্যাণকর নয়। কেননা প্রত্যেকটি দল অপর পক্ষকে নানাভাবে গালাগালি করে থাকে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5299

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন